



## সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করতে সবার সহযোগিতা প্রয়োজন: সিইসি



সংগৃহীত ছবি

সুষ্ঠু ও বিশ্বাসযোগ্য নির্বাচন আয়োজন করতে সকল পক্ষের সম্মিলিত সহযোগিতা অপরিহার্য বলে মন্তব্য করেছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসিরউদ্দিন। তিনি বলেন, ভোটাররা যেন নির্বিঘ্নে তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারেন—তা নিশ্চিত করা নির্বাচন কমিশনের দায়িত্ব হলেও, একার পক্ষে এই দায়িত্ব পালন করা সম্ভব নয়।

সোমবার (১৫ ডিসেম্বর) সকালে রাজধানীর গুলশানে আয়োজিত ইয়ুথ ভোটার অনুষ্ঠান উদ্বোধন শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। সিইসি ভোটারদের ভোটকেন্দ্রে গিয়ে ভোট দেওয়ার আহ্বান জানিয়ে বলেন, এবারের নির্বাচন নানা দিক থেকে ব্যতিক্রম ও গুরুত্বপূর্ণ।

তিনি জানান, এই প্রথমবারের মতো একই দিনে সাধারণ ভোটগ্রহণের পাশাপাশি পোস্টাল ব্যালট ভোটও অন্তর্ভুক্ত করা হয়েছে, যা নির্বাচন ব্যবস্থাপনায় একটি নতুন মাইলফলক। এ কারণে এবারের নির্বাচনকে ঐতিহাসিক হিসেবে দেখছেন তিনি।

ভোটগ্রহণের সময় সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে বলেও জানান সিইসি। ওসমান হাদির ঘটনাকে বিচ্ছিন্ন হিসেবে উল্লেখ করে তিনি বলেন, নির্বাচনকে কেন্দ্র করে অতীতেও এ ধরনের কিছু ঘটনা ঘটেছে।

সিইসি আরও বলেন, ৫ আগস্টের পর থেকে নির্বাচন সংশ্লিষ্ট প্রস্তুতিতে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে এবং বর্তমানে আইনশৃঙ্খলা পরিস্থিতির কোনো অবনতি নেই বলে কমিশনের পর্যবেক্ষণ।